দৈনিক ইত্তেফাক

তারিখ 01 JUN 1994
পৃষ্ঠা ৪ কলাম ৪

৭১

এসএসসির খাতা দেখা শুরু

# অপটিক্যাল মার্কিং-এর জন্য প্রতি পরীক্ষকের ১০০ ঘন্টা বেশী সময় লাগিবে

**নাজীমউদ্দিন মোস্তান** ॥ এসএসসি পরীক্ষার পরীক্ষকগণ এবারের খাতা দেখিবার সময় কম্পিউটার অপটিক্যাল মার্কিং-এর জন্য সুনির্দিষ্ট পরিক্ষাপত্রের মলাটের ছক পূরণ করিতে বেশ সমস্যার সম্মুখীন হইতেছেন। সমস্যাটি সতর্কতা ও বাড়তি সময়ের। ধর্মঘটী বেসরকারী শিক্ষক পরীক্ষকগণকে এবার পরীক্ষার খাতা দেখিতে দেওয়া হয় নাই।

(শেষ. পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## অপটিক্যাল মার্কিং

( ১ম পৃঃ পর

ফলে অবশিষ্ট পরীক্ষকদের আগের তুলনায় প্রায় দ্বিগুণ—জন-প্রতি ৫০০ পর্যন্ত খাতা দেওয়া হইয়াছে। ইহাতে অসুবিধা ছিলনা। কিন্তু উত্তর পত্রের উপরের মলাটের দুইটি ছক—বিশেষ করিয়া দ্বিতীয় ছকের বিষয়কোড, বাণ্ডিল নং ক্রমিক নং, অতিরিক্ত খাতার সংখ্যা, প্রাপ্ত নম্বর সংখ্যার লিখিয়া আবার অপটিক্যাল মার্কিং-এর জন্য বাছিয়া বাছিয়া সূক্ষ্ম নম্বরের উপর (০) গোল চিহ্ন আঁকিতে খাতাপ্রতি প্রায় ১০ মিনিট করিয়া সময় লাগিয়া যাইতেছে।

এসএসসি পরীক্ষার ফলাফল এবার অন্যান্য বৎসরের তুলনায় অনেক কম সময়ে প্রকাশ করার কথা। ২৮শে মে খাতা বিলি শেষ করার সময় ঢাকা বোর্ড পরীক্ষকদের ১৯শে জুনের মধ্যে খাতা জমা দিবার সময় নির্দিষ্ট করিয়াদেন। রাজধানী ঢাকায় ১০১নং বিষয় বাংলা প্রথম পত্রের ৫০০ খাতা গ্রহণকারী একজন বিশিষ্ট শিক্ষক জানান, "পাঁচশ খাতা দেখাটা বড় কিছু নয়। রচনামূলক এবং পাড়া গাঁয়ের খাতা—শহরের লেখা হইলে অনেক বেশী লেখা থাকে—তাই সময় লাগিতেছে না। কিন্তু চাকুরি, ঘরসংসারের মাঝে খাতা দেখিতে হয়। খাতা প্রতি ১০ মিনিট করিয়া বেশী সময় লাগিবার অর্থ ৫০০ খাতায় প্রায় ১০০ ঘন্টা বাড়তি সময় লাগা। এ চাপ সহ্য করিতে গিয়া অপটিক্যাল মার্কিং-এ কী ভুল-ভ্রান্তি ঘটে তাহা লইয়াও পরীক্ষকগণ উদ্বিগ্ন।

অপর একজন পরীক্ষক শিক্ষাবিদ জানান, খাতা প্রতি ৬ টাকা পারিশ্রমিকে পরীক্ষার খাতা দেখিতে হয়। বর্তমান কম্পিউটার পদ্ধতির খাতায় বাড়তি যে সময় ও কষ্টকর সতর্কতার প্রয়োজন তাহা বিবেচনা করিয়া উৎসাহ সৃষ্টির মত সম্মানী বাড়াইয়া দিতে পারিলে বর্তমান ধর্মঘটকালে পরীক্ষক শিক্ষকগণ উৎসাহ হারাইবেন না।

উল্লেখ্য, বর্তমান এসএসির পরীক্ষার খাতার উপর সব চিহ্নই নম্বর কিংবা অপটিক্যাল মার্কিং-এ করা হয়। মলাটে তিনটি ছক থাকে। পরীক্ষকের কাছে খাতা আসিবার আগে পরীক্ষা হলেই পরীক্ষার্থীর রোল নম্বর ও কেন্দ্রের নম্বর সম্বলিত ছক কাটিয়া রাখা হয়। দ্বিতীয় ও তৃতীয় ছক পূরণ করিতে হয় পরীক্ষক ও প্রধান পরীক্ষককে। পরীক্ষকরা ৫০০ খাতা ও প্রধান পরীক্ষকরা ৫/৬ হাজার খাতা দেখিবেন।